

## জাল নথি থেকে বিরত থাকার আহ্বান সুইডিশ দূতাবাসের

- A Monitor Desk Report

Date: 06 May, 2025



ঢাকাঃ ভিসা পেতে জাল নথিপত্র না দেওয়ার আহ্বান জানিয়েছে ঢাকার সুইডিশ দূতাবাস।

মঙ্গলবার (৬ মে) ঢাকার সুইডিশ দূতাবাস এক বার্তায় এ আহ্বান জানায়।

এতে উল্লেখ করা হয়, আপনার ভিসার আবেদনের সঙ্গে শুধুমাত্র মূল নথি জমা দেওয়ার বিষয়টি নিশ্চিত করুন। জালিয়াতি, জাল বা কারসাজি করা নথিপত্র তাৎক্ষণিকভাবে প্রত্যাখ্যান করা হবে। অধিকন্তু, আপনি যদি মূল নথিপত্র জমা না দেন, তবে সেটা সব শেনজেন সদস্য দেশ জানবে।

-B